

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১১

তারিখঃ মাঘ ৩০, ১৪৩১
ফেব্রুয়ারি ১৩, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

নিবাসী করদাতার জাহাজ ব্যবসা হতে কর কর্তন পূর্বক সরকারি কোষাগারে জমাকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ রহিত করে নতুন আদেশ জারি করা হয়েছে। জারিকৃত নতুন আদেশে আয়কর আইন-২০২৩ এর ধারা ১৩২ (পূর্বতন আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53AA) এ বর্ণিত কোন নিবাসী করদাতার মালিকানাধীন বা ভাড়াকৃত যাত্রী, গবাদি পশু, ডাক বা পন্য পরিবহনকারী জাহাজ বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর ৫% হারে এবং দুই বা ততোধিক দেশ কর্তৃক পরিষেবার ক্ষেত্রে ৩% হারে কর কর্তন করে সরকারি কোষাগারে জমার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম জেলা নিবাসী করদাতা ব্যতীত দেশের অন্যান্য সকল জেলার নিবাসী করদাতার মালিকানাধীন বা ভাড়াকৃত যাত্রী, গবাদি পশু, ডাক বা পন্য পরিবহনকারী জাহাজে বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর ৫% হারে এবং দুই বা ততোধিক দেশ কর্তৃক পরিষেবার ক্ষেত্রে ৩% হারে কর কর্তন করে জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র আদেশ অনুযায়ী কর অঞ্চল-১৯, ঢাকার অনুকূলে সরকারি রাজস্ব জমার কোডে (ব্যক্তির ক্ষেত্রে-১১১০২১৫১৪২৬৩৩-১১১১১০১ এবং কোম্পানির ক্ষেত্রে-১১১০২১৫১৪২৬৩৩-১১১২১০১) জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়

পরদশী রোড-১, কর অঞ্চল-১৯, ঢাকা।

এফ এ টাওয়ার (৩য় তলা), ০১, পুরানা পল্টন, ঢাকা।

১৩ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ

২৭ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

নথি নম্বর- উৎসে কর কর্তন/রোল-১/কঅ-১৯/২০২৪-২০২৫/অপারেশন ডিপার্টমেন্ট

প্রেরক:

পরদশী অতিরিক্ত কর কমিশনার

পরদশী রোড-১

কর অঞ্চল-১৯, ঢাকা।


প্রাপক:

পরিচালক

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা।



বিষয় : নিবাসী করদাতার জাহাজ ব্যবসা হইতে কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা করার জন্য তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০১১.২৩.৭৪০, তারিখ: ১৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০১। সূত্রোক্ত পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ রহিত করে নতুন আদেশ জারি করা হয়েছে (আদেশের ছায়াশিপি সংযুক্ত)। জারিকৃত নতুন আদেশে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৩২ (পূর্বতন আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩AA) এ বর্ণিত কোন নিবাসী করদাতার মালিকানাধীন বা জড়াকৃত যাত্রী, গবাদি পশু, ডাক বা পণ্য পরিবহনকারী জাহাজে বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর ৫% (পাঁচ শতাংশ) হারে এবং দুই বা ততোধিক দেশ কর্তৃক প্রদত্ত পরিষেবার ক্ষেত্রে ৩% (তিন শতাংশ) হারে কর কর্তন করে সরকারি কোষাগারে জমার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। চট্টগ্রাম জেলার নিবাসী করদাতা ব্যতীত দেশের অন্যান্য সকল জেলার নিবাসী করদাতার জাহাজ ব্যবসা হইতে উৎসে কর কর্তন কর কর অঞ্চল-১৯, ঢাকা - এর অধিক্ষেত্রাধীন।

০৩। এমতাবস্থায় চট্টগ্রাম জেলার নিবাসী করদাতা ব্যতীত দেশের অন্যান্য সকল জেলার নিবাসী করদাতার মালিকানাধীন বা জড়াকৃত যাত্রী, গবাদি পশু, ডাক বা পণ্য পরিবহনকারী জাহাজে বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর ৫% (পাঁচ শতাংশ) হারে এবং দুই বা ততোধিক দেশ কর্তৃক প্রদত্ত পরিষেবার ক্ষেত্রে ৩% (তিন শতাংশ) হারে কর্তিত কর জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র আদেশ অনুযায়ী কর অঞ্চল-১৯, ঢাকার অনুকূলে নিম্নোক্ত কোডে জমা করার জন্য সকল তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

কর অঞ্চল ১৯, ঢাকার অনুকূলে সরকারি রাজস্ব জমার কোড - (ব্যক্তির ক্ষেত্রে- ১১১০২১৫১৪২৬৩৩-১১১১১০১ এবং কোম্পানির ক্ষেত্রে - ১১১০২১৫১৪২৬৩৩-১১১২১০১)

জাতীয় রাজস্ব আহরণে আপনার সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ।

সংগৃহীত:

- ১। জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র আদেশের ছায়াশিপি।
- ২। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৩২ এর ছায়াশিপি।
- ৩। এস.এর. ও নং- ৪১৭-আইন/আয়কর-৬০/২০২৪, তারিখ: ১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ এর ছায়াশিপি।
- ৪। জাতীয় রাজস্ব বোর্ডের ১৯ ডিসেম্বর, ২০২৪ তারিখের আদেশের ছায়াশিপি।

২৭.০১.২৫

ড. হরিপদ সরকার
অতিরিক্ত কর কমিশনার

নথি নম্বর- উৎসে কর কর্তন/রোল-১/কঅ-১৯/২০২৪-২০২৫/

তারিখ:

১৩ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ

২৭ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১৯, ঢাকা।
- ৩। পরিচালক, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ ডিভিশন (এফইআইডি), বাংলাদেশ ব্যাংক।
- ৪। অফিস কপি।

ড. হরিপদ সরকার
অতিরিক্ত কর কমিশনার